দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 31 AUG 2009 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৩ ...

# আধুনিক কারিগরি শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা হচ্ছে ঃ শিক্ষামন্ত্রী

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশের শিক্ষার সার্বিক উন্নয়নে আধুনিক কারিগরি শিক্ষা প্রবর্তন করা করা হচ্ছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, সরকার প্রাথমিক স্তরের মতো মাধ্যমিক স্তরের সকল ছাত্রছাত্রীকে ২০১০ সালে পাঠ্যপুস্তক প্রদান, যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন, মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরা, আধুনিক কারিগরি শিক্ষা প্রবর্তনসহ শিক্ষার উন্নয়নে নানা পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারের এ পদক্ষেপ বাস্তবায়নে শিক্ষকদের বিশেষ ভূমিকা রাখতে হবে।

গতকাল রবিবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) মিলনায়তনে বিসিএস (সাধারণ ও কারিগরি) শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের ১০৮ ও ১০৯ ব্যাচের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

নায়েমের মহাপরিচালক (দায়িত্বপ্রাপ্ত) প্রফেসর শেখ একরামুল কবিরের সভাপতিত্বে পরিচালক অধ্যাপক বিলকিস আরা বেগম, কোর্স পরিচালক মোস্তাফিজুর রহমান ও কোর্স পরিচালক আবু তাহের পাটোয়ারী বক্তব্য রাখেন।

শিক্ষকদের উদ্দেশে তিনি বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষককে বিশেষ ভূমিকা রাখতে হবে। দিন বদলের অন্যতম হাতিয়ারে পরিণত হতে হবে। সে লক্ষ্যে নিজেদেরকে প্রস্তুত করুন।

শিক্ষামন্ত্রী আরো বলেন, দিন বদলের অঙ্গীকার নিয়ে সরকার দায়িত্ব পালন করছে। ২০২১ সালের মধ্যে ক্ষুধা, দারিদ্র্য, দুর্নীতি, পশ্চাপদতাকে পিছনে ফেলে প্রযুক্তি সমৃদ্ধ উন্নত জাতি গঠন করা হবে। ঘরে ঘরে পৌছে যাবে প্রযুক্তি। ডিজিটাল বাংলাদেশ গড়া সরকারের আরেক স্বপ্ন। নতুন প্রজন্মকে দক্ষ মানব সম্পদ হিসাবে গড়ে তুলেই সেসব লক্ষ্য বাস্তবায়ন সম্ভব হবে।

দুই মাসব্যাপী এ প্রশিক্ষণে দু'টি ব্যাচে মোট ১৬০ জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।